



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২০-২৪৬

তারিখঃ ০৭ অগ্রহায়ণ ১৪২৭
২২ নভেম্বর ২০২০

বিষয়: উপজেলা পরিষদের বিভিন্ন চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২০-২২৬, তারিখ: ০৩ নভেম্বর ২০২০


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১০ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ০৮টি জেলার ১০টি উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ ও আচরণ বিধি প্রতিপালনের নিমিত্তে নিম্নরূপভাবে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

ক্রম	উপজেলা	নির্বাচনের ধরণ	ম্যাজিস্ট্রেটের সংখ্যা	দায়িত্বপালনের সময়সীমা
১.	শেরপুর, বগুড়া	মহিলা ভাইস চেয়ারম্যান	০৩	আচরণ বিধি প্রতিপালন ও আইনশৃঙ্খলা রক্ষা (২৪ নভেম্বর ২০২০ হতে ০৮ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ১৫ দিনের জন্য)
২.	রাণীনগর, নওগাঁ	চেয়ারম্যান	০৩	
৩.	পাবনা, ঈশ্বরদী	চেয়ারম্যান	০৩	
৪.	পাবনা, বেড়া	চেয়ারম্যান	০৩	
৫.	সাতক্ষীরা, দেবহাটা	চেয়ারম্যান	০৩	
৬.	যশোর, বাঘারপাড়া	মহিলা ভাইস চেয়ারম্যান	০৩	
৭.	যশোর সদর	চেয়ারম্যান	০৩	
৮.	রাজবাড়ী, গোয়ালন্দ	চেয়ারম্যান	০৩	
৯.	নোয়াখালী, বেগমগঞ্জ	চেয়ারম্যান	০৩	
১০.	কুমিল্লা, ব্রাহ্মণপাড়া	চেয়ারম্যান	০৩	

২। আইনশৃঙ্খলা রক্ষা : এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি)-কে অগ্রাধিকার দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সহকারী কমিশনার (ভূমি) পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের ০১দিন পূর্ব হতে ভোটগ্রহণের পরের দিন পর্যন্ত মোট ০৩ দিনের জন্য প্রতি ০৩টি ইউনিয়নের জন্য ০১ জন এবং পৌরসভা প্রতি ন্যূনতম ১ জন ক্ষেত্র বিশেষে প্রতি ৩ ওয়ার্ডের জন্য ১ জন করে আইনশৃঙ্খলা রক্ষার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হবে। এতদ্ব্যতীত ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচনি এলাকায় নিয়োজিতব্য মোবাইল/স্ট্রাইকিং ফোর্স বিশেষ করে বিজিবি এর মোবাইল টিমের সাথে ০১জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজন হবে।

৩। যে সব উপজেলা পরিষদের চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের শূন্য পদে উপনির্বাচনে ০১ জন প্রতিদ্বন্দী প্রার্থী থাকবে অর্থাৎ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হবে সে সব উপজেলা পরিষদ উপনির্বাচনে ম্যাজিস্ট্রেট নিয়োগ না করা।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিতভাবে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)


E-mail: sasemc1@gmail.com

১। বিভাগীয় কমিশনার,.....(সংশ্লিষ্ট)বিভাগ

১। জেলা প্রশাসক,.....(সংশ্লিষ্ট)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব,(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. উপ মহাপুলিশ পরিদর্শক,(সংশ্লিষ্ট) রেঞ্জ
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) অঞ্চল
১৫. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
১৬. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৭. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,(সংশ্লিষ্ট)
১৮. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১৯. জেলা তথ্য অফিসার,(সংশ্লিষ্ট)
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ /নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২ শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. অফিসার ইন চার্জ,(সংশ্লিষ্ট) থানা।


 মোহাম্মদ আশফাকুর রহমান
 সহকারী সচিব
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২